**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



**ডাউনলোড "এই যুগ অ্যাপ"**



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 8 AUGUST 2026 ,SATURDAY | ৮ আগস্ট ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-246


## এসজেডিএ-র আর্থিক দুর্নীতির তদন্তের পাশাপাশি সার্বিক উন্নয়নের বার্তা দিলেন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,শিলিগুড়ি ,৭ আগস্ট :** আজ শিলিগুড়িতে এসজেডিএ ( শিলিগুড়ি জলপাইগুড়ি ডেভলপমেন্ট অথোরিটি ) বিষয়ে একটি সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন শিলিগুড়ির বিধায়ক তথা সংসদীয় বিষয়ক ও পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ । মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ বলেন , "একটি ইন্টারনাল এডমিনিস্ট্রেটিভ এনকয়ারি কমেটি গঠন করা হবে। ১০০ কোটি টাকার একটি নতুন কাজের স্কিম তৈরি হবে যেটা এসজেডিএ এর অধীনে থাকা স্থানের রাস্তাঘাট,পানীয় জল, নিকাশি নালা, শ্মশানঘাট ইত্যাদির সংস্কার করবে। এছাড়াও তিনি বলেন , "গত ১৫ বছরে পূর্বতন সরকারের সময় এসজেডিএ তে আর্থিক দুর্নীতি ছাড়াও বিভিন্ন ধরনের দুর্নীতি হয়েছে। ১৫ বছর সময়কালের আয়-ব্যয়ের পুরো হিসাবের একটি স্পেশাল অডিট করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাছাড়াও কাওয়াখালি তে অনেক বাস্তুহারা মানুষজন রয়েছেন। তাদের বিভিন্ন ক্ষোভ বিক্ষোভের বিষয়টির দ্রুত সমাধানের চেষ্টা করা হবে।এসজেডিএ এর কাছে যত জমি আছে সেগুলো পাবলিক করা হবে। অর্থাৎ এখন মানুষ ওয়েবসাইটে গেলে জমিগুলো দেখতে পাবে এবং এসজেডিএ এর কাছে আবেদন করতে পারবে।এস জে ডিএ এর পুরনো এল 4 এল 5 বিল্ডিং এর সংস্কার করা হবে"।

## বিশেষ পথ নিরাপত্তা সপ্তাহে রক্তদান শিবির ট্রাফিক গার্ডের



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,৭ আগস্ট :** পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পরিবহন দপ্তরের উদ্যোগে চলতি মাসের তিন তারিখ থেকে শুরু হয়েছে বিশেষ পথ নিরাপত্তা সপ্তাহ ,চলবে নয় তারিখ পর্যন্ত। এই পথ নিরাপত্তা সপ্তাহের পঞ্চম দিনে জলপাইগুড়ি জেলা পুলিশের বিভিন্ন থানা এলাকায় আয়োজিত হয় বিভিন্ন কর্মসূচি। জলপাইগুড়ি সদর হাইওয়ে ১ ট্রাফিক গার্ডের ব্যবস্থাপনায় শুক্রবার কোতোয়ালি থানা প্রাঙ্গনে আয়োজিত হয় স্বেচ্ছায় রক্তদান শিবির। জানা গেছে এদিনের শিবিরে একাত্তর ইউনিট রক্ত সংগৃহীত হয়েছে। শিবিরে উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার সুজাতা কুমারী বীনাপানী, আই পি এস ও অন্যন্য পুলিশ আধিকারিকগন। শিবিরে উপস্থিত সকলকে দায়িত্বশীল গাড়ি চালনা ও নিরাপদ পথ সম্পর্কে সচেতন করা হয়।

## "হর ঘর তিরঙ্গা" কর্মসূচীর সূচনা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



**এই যুগ ,কলকাতা ,৭ আগস্ট :** শুক্রবার সার্ভে বিল্ডিং এর সামনে থেকে থেকে হাজরা মোড় ,ভবানীপুর পর্যন্ত তিরঙ্গা নিয়ে 'হর ঘর তিরঙ্গা' পদযাত্রার সূচনা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ।এই পদযাত্রায় হাজার হাজার মানুষ তিরঙ্গা পতাকা হাতে নিয়ে ,বন্দেমাতরম মন্ত্র পাঠের মাধ্যমে অংশগ্রহণ করেন। মুখ্যমন্ত্রী বলেন , "প্রধানমন্ত্রী গত কয়েকবছর ধরে ভারত সরকারের কার্যক্রম 'হর ঘর তিরঙ্গা ' কর্মসূচির ডাক দেন এবং ভারতবাসী এতে অংশগ্রহণ করেন। কিন্তু বিগত সরকার এই কর্মসূচিতে যুক্ত হতেন না। রাজনৈতিক পালাবদলের পর এইবার প্রথম আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ এই কর্মসূচিতে যুক্ত হোলো । প্রথমবার প্রত্যেকটি জেলা ,পৌরসভা, মহকুমা এবং ব্লকে মোট ৭০ লক্ষ তিরঙ্গা জাতীয় পতাকা রাজ্য সরকারের পক্ষ থেকে বিতরণ করা হবে। সমাজের সমস্ত স্তরের মানুষজনকে এই কর্মসূচিতে অংশগ্রহণ করতে আহ্বান করা হচ্ছে এবং সক্রিয়ভাবে যুক্ত হতে প্রচার চালানো হচ্ছে। সমস্ত প্রতিষ্ঠানে ১৫ আগস্ট ত্রিবর্ণ রঞ্জিত জাতীয় পতাকা উত্তোলন সহ আলোকমালায় সজ্জিতকরণ প্রক্রিয়া পালন করা হবে"। এছাড়াও মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী উল্লেখ করেন বর্তমান ও আগামী প্রজন্মের মধ্যে জাতীয়তাবোধ এবং দেশপ্রেম জাগ্রত করার উদ্দেশ্যে ওই দিন বসে আঁকো ,কুইজ প্রভৃতি নানা অনুষ্ঠান পালন করা হবে। আগামী ১০ আগস্ট রেড রোড থেকে বিড়লা তারামণ্ডলের ১৪ নম্বর গেট পর্যন্ত ঐতিহাসিক "হর ঘর তিরঙ্গা যাত্রা" কর্মসূচি পালন করা হবে।

# গণ ইস্তফা তৃণমূলের পঞ্চায়েত সদস্যদের




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ আগস্ট :** গণ ইস্তফা দিলেন পারোকাটা গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের পঞ্চায়েত সদস্যগণ। শুক্রবার আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিসে এসে গ্রাম পঞ্চায়েতের ১২ জন তৃণমূল সদস্য ইস্তফা পত্র জমা দিয়েছেন সমষ্টি উন্নয়ন আধিকারিক এর কাছে তাদের ব্যক্তিগত সমস্যার কথা তুলে ধরে। উল্লেখ্য এর আগে ওই গ্রাম পঞ্চায়েতের প্রধান ইস্তফা দিয়েছিলেন। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকে একই দিনে একই সাথে এই প্রথম ১২ জন পঞ্চায়েত সদস্য পঞ্চায়েত পর থেকে ইস্তফা দিয়েছেন।

# অবৈধ ভাবে মহিষ পরিবহন রুখে দিলো কোচবিহার জেলা পুলিশের বক্সিরহাট থানার পুলিশ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,৭ আগস্ট :** কোচবিহার জেলা পুলিশের বক্সিরহাট থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শুক্রবার অসম বাংলা সীমানার জোড়াই মোড় নাকাচেকিং পয়েন্টে একটি গাড়ি আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে গাড়ি থেকে উদ্ধার হয় ত্রিশটি মহিষ। পুলিশ জানায় মহিষ গুলিকে অত্যন্ত নিষ্ঠুরভাবে গাড়িতে বোঝাই করে রাখা হয়েছিলো। গাড়ির চালক ও সহকারী মহিষ পরিবহনের কোন বৈধ নথিপত্র দেখাতে না পারায় পুলিশ গাড়ি সহ মহিষ গুলি বাজেয়াপ্ত করে চালক ও তার সহকারী কে গ্রেপ্তার করে। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে ও এই চক্রের সাথে জড়িত অন্যান্যদের খোঁজে তল্লাশী জারী রেখেছে।



# আলিপুরদুয়ার ছিন্নমস্তা মন্দিরে চুরি, চাঞ্চল্য এলাকায়




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ আগস্ট :** আলিপুরদুয়ার ছিন্নমস্তা কালী মন্দিরে দুর্ধর্ষ চুরি, উধাও ৭-৮ লক্ষ টাকার সোনার গহনা ও নগদ অর্থ পুলিশি নিরাপত্তা নিয়ে উঠছে বড় প্রশ্ন, এলাকায় চাঞ্চল্য আলিপুরদুয়ার শহরের ঐতিহ্যবাহী ছিন্নমস্তা কালী মন্দিরে গভীর রাতে সংঘটিত হল দুর্ধর্ষ চুরির ঘটনা। মন্দিরের তালা ভেঙে দুষ্কৃতীরা প্রবেশ করে দেবীর অলঙ্কার হিসেবে ব্যবহৃত প্রায় ৭ থেকে ৮ লক্ষ টাকার সোনার গহনা এবং মন্দিরের দানবাক্সে থাকা নগদ অর্থ লুট করে নিয়ে যায় বলে অভিযোগ।ঘটনা প্রকাশ্যে আসতেই এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। সকালে মন্দির কর্তৃপক্ষ মন্দিরের দরজা খোলা অবস্থায় দেখতে পান এবং ভিতরে গিয়ে চুরির বিষয়টি জানতে পারেন। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় পুলিশকে। ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করেছে পুলিশ।স্থানীয় বাসিন্দা ও ভক্তদের অভিযোগ, শহরের গুরুত্বপূর্ণ ধর্মীয় প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও মন্দিরের নিরাপত্তা ব্যবস্থা ছিল অত্যন্ত দুর্বল। পুলিশের টহল ও নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন তুলেছেন তাঁরা। কীভাবে এত বড় চুরির ঘটনা ঘটল এবং দুষ্কৃতীরা এত মূল্যবান গহনা নিয়ে পালিয়ে গেল, তা নিয়ে ক্ষোভ ছড়িয়েছে এলাকায়।পুলিশ সূত্রে জানা গিয়েছে, ঘটনাস্থলের আশপাশের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে এবং দুষ্কৃতীদের শনাক্ত করার চেষ্টা চলছে। তবে এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করা যায়নি।এই ঘটনায় শুধু মন্দির কর্তৃপক্ষই নয়, সাধারণ মানুষের মধ্যেও তীব্র উদ্বেগের সৃষ্টি হয়েছে। ধর্মীয় প্রতিষ্ঠানের নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসনের ভূমিকা নিয়েও উঠছে একের পর এক প্রশ্ন। তদন্তের মাধ্যমে দ্রুত দোষীদের গ্রেফতার ও চুরি যাওয়া সম্পত্তি উদ্ধারের দাবি তুলেছেন স্থানীয়রা।

# উদ্ধার ব্রাউন সুগার সহ নগদ টাকা ,গ্রেপ্তার দুই



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,৭ আগস্ট :** মালদহ জেলা পুলিশের গাজোল থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে বৃহস্পতিবার রাতে রাঙ্গাভিটা এলাকায় অভিযান চালিয়ে দুই জনকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক দুই জনের হেফাজত থেকে উদ্ধার হয় ৫৬৮ গ্রাম ব্রাউন সুগার ও নগদ ৪০.৬৩ লক্ষ টাকা। গ্রেপ্তার করা হয় আটক দুই জনকে। ধৃতদের নাম সিদ্ধার্থ মন্ডল (২৬) ও কিশোর মন্ডল (২৭)। পুলিশের অনুমান ধৃতরা এলাকায় বিক্রির উদ্দ্যেশ্যে এই মাদক নিয়ে এসেছিলো। মাদক উদ্ধার, বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করে পুলিশ রিমান্ডে এনে পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ।




# এটিএম জালিয়াতি চক্রের পর্দা ফাঁস ,গ্রেপ্তার এক






**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৭ আগস্ট :** শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন মাটিগাড়া থানার সাদা পোষাকের পুলিশ এর তৎপরতায় পর্দা ফাঁস হলো এটি এম জালিয়াতি চক্রের। অসমের কামাখ্যা থেকে গ্রেপ্তার করা হয় একজনকে। জানা গেছে দীর্ঘদিন ধরেই শিলিগুড়িতে একটি চক্র এটি এম জালিয়াতি করে গ্রাহকদের টাকা হাতিয়ে নিচ্ছিলো। এরা স্কিমার বা জ্যামার ব্যবহার করে এটি এম কার্ড এটি এম মেশিনে আটকে দিত এবং ভুয়ো হেল্পলাইন নাম্বার সাঁটিয়ে গ্রাহকদের বিভ্রান্ত করতো। পুলিশ সূত্রে জানা গেছে জুলাই মাসের ২৩ তারিখ আঠারোখাই এলাকার বাসিন্দা দীপঙ্কর বর্মন শিব মন্দির এলাকার একটি এ টি এম কাউন্টারে যান ও পাঁচ হাজার টাকা তোলেন। এরপর তিনি লক্ষ্য করেন তার এটি এম কার্ডটি মেশিনের ভেতর আটকে গেছে। তিনি তখন এটি এম কাউন্টারের ভেতরে সাঁটানো একটি হেল্প লাইন নম্বরে ফোন করে বিষয়টি জানালে তাকে বাগডোগরায় যেতে বলা হয়। দীপঙ্কর বর্মন এই অবস্থায় এটি এম কাউন্টার থেকে বাইরে বেরিয়ে এসে এদিক ওদিক পায়চারি শুরু করেন। এরপর তার মনে সন্দেহ দেখা দেয়, তিনি ফের এটি এম কাউন্টারে প্রবেশ করে দেখেন তার কার্ডটি কেউ নিয়ে গিয়েছে ও একাউন্ট থেকে আট হাজার টাকা তুলে নিয়েছে। তিনি পরদিন অর্থাৎ ২৪ জুলাই মাটিগাড়া থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে সাদা পোষাকের পুলিশ বিষয়টির তদন্ত শুরু করে সিসি টিভি ফুটেজ দেখে ও বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করে অভিযুক্তের লোকেশন ট্রেস করে তাকে অসমের কামাখ্যা থেকে গ্রেপ্তার করে শিলিগুড়ি নিয়ে আসে। ধৃতের নাম সুমিত কুমার বিহারের নালন্দার বাসিন্দা। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করে পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্তের স্বার্থে ধৃতকে রিমান্ডে নেয়। চক্রের অন্যান্যদের পাকড়াও করতে পুলিশ তৎপরতা শুরু করেছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |